# NYC পাবলিক স্কুলগুলোতে কী কী ঘটছে

اعرض هذه الوثيقة باللغة العربية | এই নথি বা ডকুমেন্টটি বাংলায় দেখুন | 查看本文件的中文版
Consultez ce document en français | Gade dokiman sa a an kreyòl ayisyen | 이 문서를 한국어로 보기
Consulte este documento en español | یہ دستاویز اردو میں ملاحظہ کریں | Перевод документа на русский язык

schools.nyc.gov/MessagesForFamilies

## নভেম্বর 2024

পরিবারদের জন্য এই সর্বসাম্প্রতিক তথ্য শিক্ষা বছরের ক্যালেন্ডার, কিন্ডারগার্টেনে নথিভুক্তি বা এনরোলমেন্ট, মিডল ও হাই স্কুলে ভর্তির আবেদনপত্র জমা দেয়ায় আসন্ন শেষ-সময়সীমা, দূর থেকে বা রিমোট শিক্ষা অর্জনে পথ-নির্দেশনা, এবং নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্টের জন্য সাইন আপ করার উপর গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করে।

---

## বিষয়সূচি


- শীতকালীন বিরতির ক্যালেন্ডার তারিখ সংক্রান্ত গুরুত্বপূর্ণ হালনাগাদকৃত তথ্য
- কিন্ডারগার্টে ভর্তি প্রক্রিয়া 10 ডিসেম্বর শুরু হবে
- অনুস্মারক: ভর্তি প্রক্রিয়ার আসন্ন শেষ তারিখসমূহ
- দূর থেকে শেখা (রিমোট লার্নিং) সম্পর্কে পথ-নির্দেশনা
- নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA)


---

## শীতকালীন বিরতির ক্যালেন্ডার তারিখ সংক্রান্ত গুরুত্বপূর্ণ হালনাগাদকৃত তথ্য

গত মাসে, আমরা ঘোষণা করেছি যে **সোমবার, 23 ডিসেম্বর**—যা আগে 2024-25 শিক্ষা বছরের ক্যালেন্ডারে একটি স্কুল দিবস হিসেবে সময়সূচি করা হয়েছিল—তা বর্তমানে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS) শিক্ষার্থীদের জন্য ছুটির দিন। এই পরিবর্তন শিক্ষার্থী, কর্মী, এবং তাদের পরিবারকে ব্যস্ত হলিডে মৌসুমে একসাথে আরও বেশি সময় কাটানোর সুযোগ দেবে, এর পাশাপাশি আমাদের 180-দিনের শিক্ষা বছরের বাধ্যবাধকতা পূরণ করার সুযোগ দেবে। আপনি আমাদের ক্যালেন্ডারের সর্ব-সাম্প্রতিক সংস্করণটি আমাদের NYCPS-এর ওয়েবসাইট - schools.nyc.gov/calendar -এ খুঁজে পাবেন। আমরা আশা করি আপনি আপনার দীর্ঘায়িত শীতকালীন বিরতি উপভোগ করবেন।

---

## কিন্ডারগার্টে ভর্তি প্রক্রিয়া 10 ডিসেম্বর শুরু হবে

**মঙ্গলবার, 10 ডিসেম্বর** থেকে শুরু করে নিউ ইয়র্ক সিটির (NYC) যেসব ছেলেমেয়ে 2020 সালে জন্মগ্রহণ করেছে তারা কিন্ডারগার্টেনের ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারে। আপনি MySchools.nyc -এ আপনার সন্তানের আবেদনপত্রে বিভিন্ন কিন্ডারগার্টেন গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড (G&T) এবং ডুয়াল ল্যাঙ্গুয়েজ (দ্বৈত ভাষার) প্রোগ্রাম যোগ করতে পারেন; আপনি আবেদন করার পর G&T-এর যোগ্যতা নির্ণয় করা হবে। এই বছরের কিন্ডারগার্টেনে ভর্তি প্রক্রিয়া সম্পর্কে আরো জানতে, schools.nyc.gov/K -এ অবস্থিত আমাদের "কিন্ডারগার্টেন" (Kindergarten) ওয়েবপেজটি দেখুন।

ফল (হেমন্ত) 2025-এর কিন্ডারগার্টেনে ভর্তির আবেদন **শুক্রবার, 24 জানুয়ারি, 2025** তারিখ বন্ধ হবে।

# অনুস্মারক: ভর্তি প্রক্রিয়ার আসন্ন শেষ তারিখসমূহ

ডিসেম্বরের শুরুতে ভর্তি বিষয়ক দুইটি গুরুত্বপূর্ণ সময়সীমা আসছে। ফল (হেমন্ত), 2025-এর হাই স্কুলে ভর্তির আবেদন **বুধবার, 4 ডিসেম্বর** শেষ হবে এবং ফল (হেমন্ত), 2025-এর মিডল স্কুলে ভর্তির আবেদন **শুক্রবার, 20 ডিসেম্বর** শেষ হবে। আপনার আবেদনপত্র কীভাবে জমা দেবেন তা জানতে এবং প্রতিটি প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্যের জন্য schools.nyc.gov/Admissions দেখুন।

---

# দূর থেকে শেখা (রিমোট লার্নিং) সম্পর্কে পথ-নির্দেশনা

শীতকাল যখন এগিয়ে আসছে, তখন এটা স্মরণ রাখা গুরুত্বপূর্ণ যে যদি দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে স্কুল বিল্ডিংগুলো অবশ্যই বন্ধ রাখতে হয়, তবে কিন্ডারগার্টেন এবং উপরের গ্রেডের শিক্ষার্থীরা বাড়ি থেকে রিমোট (দূর থেকে) শিক্ষায় অংশগ্রহণ করবে। যেসব ছেলেমেয়ে LYFE-এ অথবা কোনো এলিমেন্টারি স্কুল কিংবা প্রি-K সেন্টারের কোনো 3-K বা প্রি-K প্রোগ্রামে আছে, তাদের প্রোগ্রামের রূপরেখা অনুযায়ী দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) কার্যক্রমে অংশগ্রহণ করা উচিত।

আপনার সন্তানের যদি এখনও NYCPS থেকে একটি ইন্টারনেট-সক্ষম কার্যকর ডিভাইসের প্রয়োজন হয়, তাহলে আপনি সরাসরি আপনার স্কুল থেকে একটি অনুরোধ করতে পারেন। আপনার ধারকৃত আইপ্যাড কিংবা ল্যাপটপ কীভাবে ব্যবহার করবে সেবিষয়ে পথ-নির্দেশনা পেতে schools.nyc.gov/NYCPSdevices দেখুন।

আপনার সন্তানের দূর থেকে (রিমোট) শিক্ষা অর্জনে অংশগ্রহণের জন্য যেসব সংস্থান বা রিসোর্স প্রয়োজন সেগুলোর সাথে আগে থেকেই নিজেকে পরিচিত করুন:

- যেসব NYCPS টেকনোলোজি প্লাটফর্মসমূহ শিক্ষার্থীদের রিমোট লার্নিং-এর জন্য প্রয়োজন, **NYCPS স্টুডেন্ট অ্যাকাউন্টের** (যা একটি DOE স্টুডেন্ট অ্যাকাউন্ট নামেও পরিচিত) মাধ্যমে তারা সেগুলো ব্যবহারের সুযোগ পাবে, আপনার সন্তানের স্কুলে এনরোল বা তালিকাভুক্ত হবার সময় স্বয়ংক্রিয়ভাবে এই অ্যাকাউন্ট তৈরি হয়েছে। NYCPS স্টুডেন্ট অ্যাকাউন্ট ব্যবহার করে, শিক্ষার্থী ও পরিবারেরা মাত্র একস্থানে লগ ইন করেই NYCPS-এর সকল ডিজিটাল শিক্ষা উপকরণের সাথে সংযুক্ত হতে পারে। আরও জানতে schools.nyc.gov/HS দেখুন।
    - আপনি আপনার সন্তানের ইউজারনেম এবং পাসওয়ার্ড সম্পর্কে নিশ্চিত না হলে অনুগ্রহ করে selfservice.schools.nyc দেখুন অথবা আপনার স্কুলে সহায়তা অনুরোধ করুন।
- NYCPS যেসব ডিজিটাল শিক্ষা উপকরণ, অ্যাপ্লিকেশন, এবং প্ল্যাটফর্ম ব্যবহার করে সেগুলো সম্পর্কে আরো জানতে schools.nyc.gov/DigitalLearning দেখুন।

---

# নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA)

schools.nyc.gov/NYCSA. -এ দেয়া নির্দেশাবলী অনুসরণ করে NYC স্কুলস্ অ্যাকাউন্টের (NYCSA) জন্য সাইন আপ করুন। আপনি আপনার সন্তানের গ্রেড, পরিবহন, উপস্থিতি, ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) (যদি প্রযোজ্য হয়) সম্পর্কে হালনাগাদ থাকতে NYCSA ব্যবহার করতে পারেন।

এছাড়াও আপনি যা করতে পারেন:

- আপনার সন্তানের স্কুলের জন্য ডিজিটাল ফর্ম পূরণ এবং স্বাক্ষর করতে পারেন
- পরিবারদের জন্য প্যারেন্ট  ইউনিভার্সিটি (parentu.schools.nyc) এবং সাপোর্টহাব-এর (supporthub.schools.nyc) মতো NYCPS-এর বিভিন্ন সংস্থান বা রিসোর্স পেতে পারেন
- কমিউনিটি অ্যান্ড সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল (CCECs) এবং আপনার স্কুলের প্যারেন্ট অ্যাসোসিয়েশন/প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন-এর (PA/PTA) মতো বিভিন্ন প্যারেন্ট গ্রুপ (পিতামাতাদের সংগঠন) থেকে তথ্য জানতে পারেন

---